



ইঞ্জি. মো: মোবারক হোসেন
অধ্যক্ষ

ইঞ্জি. মো: মোবারক হোসেন ঢাকা জেলার, সাভার উপজেলার বাজারপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৭৪ সালে জন্মগ্রহণ করেন।

তিনি ১৯৮৯ সালে ঢাকা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এসএসসি পাশ করেন। পরবর্তীতে ১৯৯৩ সালে ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট হতে ১৯৯৩ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) কোর্সটি সম্পন্ন করেন। সরকারি চাকুরীতে ১৯৯৫ সালে যোগদানের পর অনুমতি সাপেক্ষে ২০০০ সালে টেকনিক্যাল টিসার্স ট্রেনিং কলেজ (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত), তেঁজগাও, ঢাকা হতে বিএস সি ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী অর্জন করেন।

তিনি দেশের অভ্যন্তরে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট হতে অফিস ম্যানেজমেন্ট, ফিন্যান্সিয়াল এন্ড প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট ট্রেনিং সম্পন্ন করেন। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) হতে ফাউন্ডেশন ট্রেনিং ও ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ হতে পাবলিক প্রকিউরমেন্ট ট্রেনিং সম্পন্ন করেন।

এছাড়া তিনি ২০০১ সালে OMC/Sokkia এর পক্ষ হতে আমন্ত্রনে সিঙ্গাপুর হতে Use of GPS & Digital level ট্রেনিং ও ২০১৫ সালে Nanyang Polytechnic Institute, Singapore হতে Mid-Level Management ট্রেনিং সম্পন্ন করেন।

ব্যক্তিগত জীবনে তিনি এক পুত্র সন্তানের জনক। তাঁর সহধর্মীনির নাম মোসাম্মৎ নাসিমা আক্তার।